

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৬৭০.২২- ০৭৬

তারিখঃ ১১ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।  
২৬ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ।

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ আগামী ২২-২৪ ফেব্রুয়ারী, ২০২৩ সময়ে সৌদি আরবের রিয়াদে অনুষ্ঠিতব্য Trade and Investment Fair-2023, Riyadh, Saudi Arabia শীর্ষক মেলায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২২-০২৪ ফেব্রুয়ারী, ২০২৩ সময়ে সৌদি আরবের রিয়াদে অনুষ্ঠিত Trade and Investment Fair-2023, Riyadh, Saudi Arabia শীর্ষক ইতোমধ্যে স্থগিতকৃত মেলাটি অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে নতুন অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের জন্য মেলার তথ্যাদি নিম্নরূপঃ

(ক)	মেলার নাম ও মেলার সময়কাল	:	Trade and Investment Fair-2023, Riyadh, Saudi Arabia. 22-24, February, 2023
(খ)	মেলার স্থান	:	Riyadh Palace Hotel, Riyadh, Kingdom of Saudi Arabia.
(গ)	বুথ ভাড়া	:	(৩x৩) ০৯ বর্গমিটার, বুথ ভাড়াঃ বিডি টাঃ/- ৩,০০,০০০.০০
(ঘ)	মেলার প্রদর্শনী পণ্যাদি	:	Agro, Food & Beverage, Textiles and Readymade garments, Ceramic, Pharmaceutical, Plastics, Jut good, RMG, Leather, Handicrafts.

০২। উক্ত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আপনার সমিতিভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহ/স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠান আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র আগামী ১৯ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো। আবেদন পত্রের ছক [www.epb.gov.bd](http://www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। আবেদনপত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, ২০২০-২০২১ অর্থবছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য মেলায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর সহায়তার অংশ আপনার প্রতিষ্ঠানের সক্ষমতার ভিত্তিতে (অংশগ্রহণ "ফি") নিম্নরূপভাবে ফি নির্ধারণ করা হ'ল:


**(ক) তৈরী পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	"ক"	৩০%
০২	০৫-১০	"খ"	৪০%
০৩	০৫ এর নীচে এবং প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	"গ"	৫০%

**(খ) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	"ক"	৪০%
০২	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	"খ"	৫০%

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবির উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।

  
(মোঃ মিজানুর রহমান)  
গবেষণা কর্মকর্তা (মেলা)

**বিতরণ (কার্যার্থে) :**

- সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: [info@bgmea.com](mailto:info@bgmea.com), [fair@bgmea.com](mailto:fair@bgmea.com)
- সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: [bkfair@bkmea.com](mailto:bkfair@bkmea.com)
- সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাছপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: [btma2@yahoo.com](mailto:btma2@yahoo.com)

